# যমুনা অয়েল কোম্পানী লিমিটেড

## যমুনা ভবন, আগ্রাবাদ, চট্টগ্রাম।

## যমুনা অয়েল কোম্পানী লিমিটেডের বিশেষ সাধারণ সভার (ইজিএম) কার্যবিবরণী

যমুনা অয়েল কোম্পানী লিমিটেড (জেওসিএল)-এর বিশেষ সাধারণ সভা ৩১ জানুয়ারি, ২০২৬ খ্রি. (১৭ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ), শনিবার সকাল ১০:০০ ঘটিকায় ডিজিটাল প্ল্যাটফর্মের মাধ্যমে অনুষ্ঠিত হয়।

কোম্পানির পরিচালনা পর্ষদের চেয়ারম্যান জনাব মোঃ ইউনুসুর রহমান সভায় সভাপতিত্ব করেন। সভায় কোম্পানির নিম্নোক্ত পরিচালকবৃন্দ ভার্চুয়ালি সংযুক্ত ছিলেন:

| | | |
|---|---|---|
| (১) | ড. নূরুন্নাহার চৌধুরী, এনডিসি | সচিব, নৌপরিবহণ মন্ত্রনালয় ও পরিচালক, জেওসিএল বোর্ড। |
| (২) | মিজ কওছার জহুরা | স্বতন্ত্র পরিচালক, জেওসিএল বোর্ড। |
| (৩) | জনাব মোঃ সামসুল আলম ভূঁইয়া | পরিচালক, জেওসিএল বোর্ড। |
| (৪) | জনাব মুহাম্মদ আশরাফ হোসেন | পরিচালক (বিপণন), বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন ও পরিচালক, জেওসিএল বোর্ড। |
| (৫) | প্রকৌশলী শেখ আল আমীন | পরিচালক, জেওসিএল বোর্ড। |
| (৬) | প্রকৌশলী মনজারে খোরশেদ আলম | পরিচালক, জেওসিএল বোর্ড। |
| (৭) | জনাব সালেহ আহমেদ খসরু | স্বতন্ত্র পরিচালক, জেওসিএল বোর্ড। |
| (৮) | প্রকৌশলী মোঃ আমীর মাসুদ | ব্যবস্থাপনা পরিচালক, জেওসিএল ও পরিচালক, জেওসিএল বোর্ড। |

জনাব মোঃ মাসুদুল ইসলাম, কোম্পানি সচিব সভায় উপস্থিত থেকে কার্যবিবরণী লিপিবদ্ধ করেন।

এছাড়া, বিশেষ সাধারণ সভায় বিপিসি'র প্রতিনিধিবৃন্দসহ উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ ভার্চুয়ালি সংযুক্ত ছিলেন। কোম্পানির সর্বমোট ৫৯ (ঊনষাট) জন সম্মানিত শেয়ারহোল্ডার সভায় ভার্চুয়ালি উপস্থিত ছিলেন।

কোম্পানির পরিচালনা পর্ষদের চেয়ারম্যান জনাব মোঃ ইউনুসুর রহমান যমুনা অয়েল কোম্পানী লিমেটেড এর বিশেষ সাধারণ সভায় ডিজিটাল প্ল্যাটফর্মে উপস্থিত সম্মানিত পরিচালকবৃন্দ, বিপিসি'র প্রতিনিধিবৃন্দসহ উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, অতিথিবৃন্দ এবং সভায় উপস্থিত সম্মানিত শেয়ারহোল্ডাবৃন্দকে সালাম ও শুভেচ্ছা জানান। তিনি অত্যন্ত আনন্দের সাথে যমুনা অয়েল কোম্পানী লিমিটেড এর বিশেষ সাধারণ সভার শুভ সূচনা ঘোষণা করেন। সভার প্রারম্ভে পবিত্র কোরআন তেলাওয়াত করেন কোম্পানির ইবাদতখানার ইমাম মাওলানা মোঃ নুরুল আলম। এ পর্যায়ে কোম্পানি সচিব পরিচালকমন্ডলীকে তাঁদের পরিচিতি প্রদানের অনুরোধ করলে পরিচালকবৃন্দ স্ব স্ব পরিচিতি প্রদান করেন।

সভাপতি মহোদয় কোম্পানি সচিব জনাব মোঃ মাসুদুল ইসলাম-কে সভার নোটিশ পাঠের আহবান জানালে কোম্পানি সচিব সভার নোটিশ পাঠ করেন।

অতঃপর চেয়ারম্যান শেয়ারহোল্ডারদের অবহিত করেন যে, বিশেষ সাধারণ সভার এজেন্ডা শেয়ারহোল্ডারবৃন্দের সম্মতিক্রমে পঠিত হয়েছে বলে গণ্য করা হয়েছে। যমুনা অয়েল কোম্পানী লিমিটেড একটি পাবলিক লিমিটেড কোম্পানি। কোম্পানি আইন ১৯৯৪ (দ্বিতীয় সংশোধন-২০২০) এর নতুন ধারা ১১ক-এর সন্নিবেশ নিম্নরূপ:

"১১ক। সীমিতদায় কোম্পানী সনাক্তকরণ (Indication of Limited Company)ঃ এই আইনের অন্যান্য বিধানে যাহা কিছুই থাকুক না কেন, সীমিতদায় কোম্পানী নিম্নবর্ণিতভাবে সনাক্ত করিতে হইবে, যথাঃ
(ক) সীমিতদায় পাবলিক কোম্পানীর ক্ষেত্রে উহার নামের শেষে "পাবলিক সীমিতদায় কোম্পানী" বা "PLC." শব্দসমূহ লিখিতে হইবে।"

চলমান পাতা_ ২

এমতাবস্থায়, কোম্পানী আইন অনুসারে - JAMUNA OIL COMPANY LIMITED" এর নামের শেষে PLC. যোগ করার প্রয়োজনীয়তা রয়েছে বলে তিনি জানান। "JAMUNA OIL COMPANY LIMITED" এর নামের শেষে PLC যোগ করার জন্য বিশেষ প্রস্তাব (Special Resolution) গ্রহণ করতে হবে এবং তা বিশেষ সাধারণ সভায় (ইজিএম) শেয়ারহোল্ডারদের অনুমোদনের প্রয়োজনীয়তা রয়েছে। এমতাবস্থায়, কোম্পানি আইন ১৯৯৪ (দ্বিতীয় সংশোধনী-২০২০) অনুসারে কোম্পানির নাম "JAMUNA OIL COMPANY LIMITED" এর পরিবর্তে "JAMUNA OIL PLC." নামকরণ, এতদবিষয় মেমোরেন্ডাম অ্যান্ড আর্টিকেলস অব অ্যাসোসিয়েশনের সংশ্লিষ্ট ধারাসমূহ সংশোধনের জন্য বিশেষ প্রস্তাব গ্রহণ এবং বিশেষ সাধারণ সভা আহ্বানের জন্য গত ১২ নভেম্বর ২০২৫ তারিখে কোম্পানির পরিচালনা পর্ষদের ৫৪০তম সভায় প্রস্তাব গৃহীত হয় বলে জানানো হয়।

তিনি জানান যে, সম্মানিত শেয়ারহোল্ডারদের মূল্যবান মতামত/ মন্তব্য প্রদান এবং ভোটাধিকার প্রয়োগের জন্য বিশেষ সাধারণ সভা শুরুর ৭২ ঘন্টা আগে থেকে ওয়েবপোর্টাল খুলে দেওয়া হয় এবং কোম্পানির সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ বিশেষ আলোচ্যসুচীর উপর তাঁদের মূল্যবান মতামত/মন্তব্য প্রদান করেন।

অতঃপর চেয়ারম্যান কর্তৃক সম্মানিত শেয়ারহোল্ডারগণের মূল্যবান মতামত/মন্তব্য ও প্রশ্নসমূহ পাঠ করার জন্য কোম্পানি সচিবকে আহবান জানানো হয়।

এপর্যায়ে কোম্পানি সচিব সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের নিম্নোক্ত গুরুত্বপূর্ণ মতামত/মন্তব্য ও প্রশ্নসমূহ অত্র সভায় উপস্থাপন করেনঃ

শেয়ারহোল্ডারবৃন্দ সভার আলোচ্যসূচির প্রতি সমর্থন ব্যক্ত করেন এবং কোম্পানির ৫০ বছরের গৌরবোজ্জ্বল অধ্যায় অতিক্রম করায় অভিনন্দন জানিয়ে আশা প্রকাশ করেন যে, কোম্পানির নাম পরিবর্তনের ফলে প্রতিষ্ঠানের উন্নয়ন ও অগ্রগতি আরও ত্বরান্বিত হবে। তারা সরকারি নিয়ম অনুযায়ী নাম পরিবর্তনের প্রক্রিয়া সফল করার ইচ্ছা পোষণ করেন এবং বিশেষভাবে জানতে চান যে, কোম্পানির নাম **'যমুনা অয়েল কোম্পানী লিমিটেড'** থেকে **'যমুনা অয়েল পিএলসি'** করা বাধ্যতামূলক ছিল কিনা ও এটি নির্দিষ্ট কোন আইন বা বিধির কারণে পরিবর্তন করতে হচ্ছে এবং এই নাম পরিবর্তনের ফলে ভবিষ্যতে কোম্পানি বিশেষ কোনো সুবিধা লাভ করবে কিনা।

অতঃপর চেয়ারম্যান কর্তৃক সম্মানিত শেয়ারহোল্ডারগণের মূল্যবান মতামত/মন্তব্য ও প্রশ্নসমূহের উত্তর প্রদান করার জন্য ব্যবস্থাপনা পরিচালককে আহবান জানান।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয় শুরুতেই যমুনা অয়েল কোম্পানী লিমিটেড-এর পরিচালনা পর্ষদের সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ ইউনুসুর রহমানসহ পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ, বিপিসি-এর প্রতিনিধিগণ, ঊর্ধ্বতন মহাব্যবস্থাপকবৃন্দ এবং উপস্থিত সকল কর্মকর্তা-কর্মচারী ও শ্রমিকদের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। এরপর তিনি উপস্থিত সকল সম্মানিত শেয়ারহোল্ডার ও অতিথিবৃন্দকে শুভেচ্ছা জানান। শেয়ারহোল্ডারদের মূল্যবান মতামত ও পরামর্শের জন্য ধন্যবাদ জানিয়ে তাদের প্রশ্নগুলোর উত্তর দেন।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বলেন যে, কোম্পানি আইন ১৯৯৪-এর ধারা ১১ (ক) (দ্বিতীয় সংশোধন ২০২০) অনুযায়ী 'যমুনা অয়েল কোম্পানী লিমিটেড' নাম পরিবর্তন করে 'যমুনা অয়েল পিএলসি' করার আইনি বাধ্যবাধকতা রয়েছে। তিনি আরও উল্লেখ করেন যে, যমুনা অয়েল পিএলসি (PLC) হিসেবে কোম্পানিটি পাবলিক কোম্পানি হিসেবে ব্যাপক পরিচিতি পাবে, যা প্রতিষ্ঠানের ভাবমূর্তি আরও উজ্জ্বল করবে।

অতঃপর চেয়ারম্যান কর্তৃক সভাকে অবহিত করা হয় যে, ৭২ ঘন্টা পূর্বে ইজিএম-এর বিশেষ আলোচ্যসূচির উপর পক্ষে-বিপক্ষে ভোটাধিকার প্রয়োগের জন্য ভোটিং লাইন খুলে দেওয়া হয়। তারপর চেয়ারম্যান কর্তৃক নিম্নোক্ত বিশেষ আলোচ্যসূচির পক্ষে-বিপক্ষে প্রাপ্ত ভোটের ফলাফল ঘোষণার জন্য কোম্পানি সচিবকে আহবান জানানো হয়।

চলমান পাতা - ৩

এপর্যায়ে কোম্পানি সচিব অত্র বিশেষ সাধারণ সভার আলোচ্যসূচি উপস্থাপন করেনঃ

**বিশেষ আলোচ্যসূচিঃ**

1. To change the name of the Company to **"JAMUNA OIL PLC."** from **"JAMUNA OIL COMPANY LIMITED"**.

To adopt the change of registered name of the Company to "JAMUNA OIL PLC." from "JAMUNA OIL COMPANY LIMITED" as per provision of the Companies Act. 1994 (2nd Amendment 2020) and to amend the relevant clauses of the Memorandum and Articles of Associations of the Company by adopting the following special resolution:

**Resolution:**

**RESOLVED THAT** the proposal of changing of registered name of the Company to "JAMUNA OIL PLC." from "JAMUNA OIL COMPANY LIMITED" in accordance with the Companies Act 1994 (2nd amendment 2020) and amendment in the relevant clauses of the Memorandum and Articles of Associations of the company be and are hereby approved subject to approval of regulatory authority.

**FURTHER RESOLVED THAT** the old name of the company will be replaced by the new name in all the statutory/title documents, Licenses and other relevant documents. This change relates only to the suffix of the name of the Company. It does not create a new legal entity nor alter its existing corporate identity, ownership, control, rights, obligations or liabilities. Accordingly, all existing contracts, approvals, licenses, permissions, undertakings and legal instruments executed or issued in the former name of the company shall continue to remain valid, binding and enforceable as it executed or issued in the new name, pursuant to section 11(8) of the Companies Act, 1994.

**আলোচনাঃ** সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের অবগতির জন্য কোম্পানি সচিব বলেন যে, বিশেষ সাধারণ সভার(ইজিএম) নোটিশ ০৮ জানুয়ারি, ২০২৬ তারিখে দুটি বাংলা ও দুটি ইংরেজি জাতীয় দৈনিক পত্রিকায় এবং কোম্পানির ওয়েবসাইটে প্রকাশ করা হয়। এছাড়া গত ২৬ জানুয়ারী, ২০২৬ তারিখে শেয়ারহোল্ডারদের নিকট ই-মেইলে বিশেষ সাধারণ সভার(ইজিএম) নোটিশ প্রেরণ করা হয় এবং এসএমএস-এর মাধ্যমে শেয়ারহোল্ডারদেরকে ইজিএম-এ অংশগ্রহণের জন্য লিংক প্রেরণ করা হয়।এমতাবস্থায় বিশেষ সাধারণ সভার(ইজিএম) নোটিশ পঠিত বলে গণ্য করা হয়।

অনলাইন ভোটিং-এ প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে বিশেষ সাধারণ সভার প্রস্তাবের পক্ষে ৮,৯৪,৮৭,৭৭৭ সংখ্যক এবং বিপক্ষে ০ সংখ্যক ভোট পড়েছে।

অনলাইন ভোটিং এ প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে বিশেষ সাধারণ সভার এজেন্ডা এর সিদ্ধান্ত ঘোষণার জন্য পর্ষদ চেয়ারম্যানকে বিনীত অনুরোধ কর হয়।

**সিদ্ধান্তঃ** অনলাইন ভোটিং-এ প্রাপ্ত ফলাফল অনুযায়ী বিশেষ সাধারণ সভার নিম্নোক্ত প্রস্তাব অনুমোদিত হলো।

1. To change the name of the Company to **"JAMUNA OIL PLC."** from **"JAMUNA OIL COMPANY LIMITED"**.

To adopt the change of registered name of the Company to "JAMUNA OIL PLC." from "JAMUNA OIL COMPANY LIMITED" as per provision of the Companies Act. 1994 (2nd Amendment 2020) and to amend the relevant clauses of the Memorandum and Articles of Associations of the Company by adopting the following special resolution:

**Resolution:**

**RESOLVED THAT** the proposal of changing of registered name of the Company to "JAMUNA OIL PLC." from "JAMUNA OIL COMPANY LIMITED" in accordance with the Companies Act 1994 (2nd amendment 2020) and amendment in the relevant clauses of the Memorandum and Articles of Associations of the company be and are hereby approved subject to approval of regulatory authority.

**FURTHER RESOLVED THAT** the old name of the company will be replaced by the new name in all the statutory/title documents, Licenses and other relevant documents. This change relates only to the suffix of the name of the Company. It does not create a new legal entity nor alter its existing corporate identity, ownership, control, rights, obligations or liabilities. Accordingly, all existing contracts, approvals, licenses, permissions, undertakings and legal instruments executed or issued in the former name of the company shall continue to remain valid, binding and enforceable as it executed or issued in the new name, pursuant to section 11(8) of the Companies Act, 1994.

পরিশেষে, বিশেষ সাধারণ সভা সফল করার জন্য ভার্চুয়ালি সংযুক্ত কোম্পানির পরিচালকমন্ডলী, বিপিসি-এর প্রতিনিধিবৃন্দ, সম্মানিত শেয়ারহোল্ডারগণ ও কোম্পানির কর্মকর্তাবৃন্দসহ সবাইকে ধন্যবাদ জ্ঞাপন এবং সকলের সুস্বাস্থ্য কামনা করে পর্ষদ চেয়ারম্যান বিশেষ সাধারণ সভার সমাপ্তি ঘোষণা করেন।

02/02/2026

(মো. ইউনুসুর রহমান)

চেয়ারম্যান